

আজই আপনার COVID-19-এর সাম্প্রতিকতম বুস্টার এবং ফ্লু-এর টিকা নিয়ে নিন!

ফ্লু-এর টিকা — 6 মাস ও তার বেশি বয়সীদের জন্য উপলভ্য — এবং COVID-19 টিকার নতুন বুস্টার — 5 বছর এবং তার বেশি বয়সীদের জন্য উপলভ্য — এখনই নেবার জন্য সুপারিশ করা হচ্ছে। আপনি যদি আপনার সর্বশেষ COVID-19 টিকার ডোজটি অন্তত দুই মাস আগে নিয়ে থাকে, তাহলে COVID-19-এর নতুন বুস্টার ডোজটি, যা ওমিক্রনের নতুন উপ-প্রকারগুলির জন্য তৈরি করা হয়েছে, আপনার নিয়ে নেওয়া উচিত।

আমি কি আমার ফ্লু-এর ইনজেকশন ও COVID-19-এর নতুন বুস্টার একই সময়ে নিতে পারি?

হ্যাঁ। আপনি এই দুটিকে একই সময়ে অথবা আলাদা-আলাদা সময়েও নিতে পারেন।

আমার যদি সম্প্রতি COVID-19 হয়ে গিয়ে থাকে, তাহলেও কি আমি COVID-19-এর বুস্টার নিতে পারি?

হ্যাঁ, কিন্তু COVID-19 হয়ে যাবার পর তিন মাস অপেক্ষা করার কথা মনে রাখবেন। আপনার বা আপনার কোন প্রিয়জনের যদি গুরুতর অসুস্থতা অথবা COVID-19 দ্বারা আক্রান্ত হবার উচ্চ ঝুঁকি থাকে, তাহলে আপনি তার আগেই এই বুস্টার নিয়ে নিতে পারেন। . আপনার কোন প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীর সাথে কথা বলুন, অথবা, আপনার যদি কোন স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারী না থাকে, তাহলে 311 নম্বরে কল করুন।

COVID-19-এর কোন বুস্টারটি আমার নেওয়া উচিত?

আপনি সাম্প্রতিকতম Pfizer বুস্টারটি নিতে পারেন (আপনার বয়স যদি 5 বছর বা তার বেশি হয়), অথবা আপনি সাম্প্রতিকতম Moderna বুস্টারটি নিতে পারেন (আপনার বয়স যদি 6 বছর বা তার বেশি হয়), আগে আপনি কোন ব্র্যান্ডের টিকা নিয়েছিলেন তা নির্বিশেষে।



একটি টিকাকরণ সাইট খুঁজে পেতে nyc.gov/vaccinefinder এ যান বা 877-829-4692 নম্বরে কল করুন। আরও তথ্যের জন্য nyc.gov/health/covidvaccine অথবা nyc.gov/health/flu দেখুন।

